

সিটিজেন চার্টার

কেন্দ্রীয় সংরক্ষণাগার (সিএসডি) ও স্থানীয় সরবরাহ কেন্দ্র (এলএসডি)

- চাহিদাপত্র প্রাপ্তির পর ২৪ ঘন্টার মধ্যে বিলি আদেশ (ডিও) এর বিপরীতে খাদ্যশস্য সরবরাহ নিশ্চিতকরণ;
- প্রতিদিনের মজুদ হিসাব সংশ্লিষ্ট বোর্ডে লিপিবদ্ধকরণ;
- চলাচলসূচী জারীর ২৪ ঘন্টার মধ্যে সূচীর বাস্তবায়ন;
- বিনির্দেশ মোতাবেক খাদ্যশস্য সংগ্রহ করা;
- খাদ্যশস্যের সংগ্রহ বিনির্দেশের প্রতিটি প্যারামিটার সুস্পষ্ট ভাবে উল্লেখ পূর্বক একটি আলাদা বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা করা;
- খাদ্যশস্য সংগ্রহের সময়সীমা উল্লেখ পূর্বক তা নোটিশ বোর্ডে টানিয়ে দেয়া;

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

- বিভিন্ন দপ্তরের চাহিদা অনুসারে চাহিদা পত্র প্রাপ্তির সাথে সাথে তা পরীক্ষান্তে বিলি আদেশ জারী করা;
- কোন খাতে কত বিলি আদেশ জারী হয়েছে তা নোটিশ বোর্ডে প্রদান করা;
- ওএমএস বরাদ্দ/বিলির আদেশ পরিমাণ এবং বিক্রিমূল্য নোটিশ বোর্ডে লিপিবদ্ধ করা;
- ওএমএস খাতে মূল্য জমা চালান প্রাপ্তির পর তা ঐদিনেই বিলি আদেশ জারী করা;
- চাল ও গম এর বাজার দর সংগ্রহ পূর্বক নোটিশ বোর্ডে লিপিবদ্ধ করা;
- সংগ্রহ বিনির্দেশ সহ তার উপজেলার জন্য সংগৃহীতব্য খাদ্যশস্যের পরিমাণও ক্রয় মূল্য ও ক্রয়ের স্থান নির্ধারণ পূর্বক তা যথাযথ ভাবে প্রচার ও নোটিশ বোর্ডে উপস্থাপন।
- অধীনস্থ কর্মচারীদের যাবতীয় সুযোগ সুবিধা নিশ্চিত করণের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা এবং তাঁদেরকে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা।

জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

- খাদ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকারের দিক নির্দেশনা নোটিশ বোর্ডে লিপিবদ্ধ রাখা;
- তাঁর আওতাধীনে ওএমএস বরাদ্দ/বিলির আদেশ পরিমাণ এবং বিক্রিমূল্য নোটিশ বোর্ডে লিপিবদ্ধ করা;
- তাঁর জেলায় চাল ও গম এর বাজার দর সংগ্রহ পূর্বক নোটিশ বোর্ডে টানিয়ে দেয়া;
- সংগ্রহ বিনির্দেশসহ তাঁর জেলার জন্য সংগৃহীতব্য খাদ্যশস্যের পরিমাণ/ক্রয় মূল্য/ক্রয়ের স্থান নির্ধারণ পূর্বক তা যথাযথভাবে প্রচার ও নোটিশ বোর্ডে উপস্থাপন।
- অধীনস্থ কর্মচারীদের যাবতীয় সুযোগ সুবিধা নিশ্চিতকরণের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা, তাঁদেরকে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা;
- চালকল আদেশ/২০০৮ অনুযায়ী তাঁর জেলাধীন চালকলের লাইসেন্স প্রদান, নবায়ন, নমুনা নোটিশ বোর্ডে উপস্থাপন করা।
- বিভিন্ন মৌসুমে সরকারী সংগ্রহ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে চালকল মালিকদের সঙ্গে চুক্তির তারিখ, চুক্তির সময়, চুক্তির বিভিন্ন দিক নোটিশ বোর্ডে লিপিবদ্ধ উপস্থাপন করা।
- আওতাধীন জেলা বিভিন্ন স্থাপনায় নির্মাণ ও সংস্কারের তালিকা নোটিশ বোর্ডে উপস্থাপন করা।